

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ১৯/১১/২০২৪ খ্রি.

**২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি**

রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমের ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের আগামী ২৫/১১/২০২৪ খ্রি. তারিখের মধ্যে ওয়েবসাইট ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) থেকে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ ও প্রিন্টকপি সংগ্রহ করতে হবে। শিক্ষার্থীকে ফরমের College Copy ও প্রয়োজনীয় কাগজপত্র নিম্নোক্ত শর্তাবলী অনুযায়ী ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে এবং Student's Copy নিজের কাছে সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য যে, ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু কোন শিক্ষার্থী বর্তমানে অধ্যয়নরত থাকলে তাকে অবশ্যই ২১/১১/২০২৪ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে। অন্যথায় দৈত ভর্তির কারণে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

এছাড়া ১ম মেধা তালিকায় ভর্তিকৃতদের মধ্যে যাদের কোর্স পরিবর্তন হয়েছে, তাদেরকে পরিবর্তিত কোর্সের ভর্তি ফরম অনলাইনে ২কপি প্রিন্ট করে ১ কপি সংশ্লিষ্ট কমিটির নিকট ২৫/১১/২০২৪ খ্রি. তারিখের মধ্যে জমা দিয়ে নতুন ক্লাস রোল নম্বর সংগ্রহ করতে হবে। শিক্ষার্থীকে নতুন ক্লাস রোল নম্বর সংগ্রহের সময় পূর্বের ক্লাস রোল নম্বরসম্বলিত পে-স্লিপ অবশ্যই সঙ্গে আনতে হবে। কোর্স পরিবর্তন হলে পূর্ব কোর্সের ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তিত কোর্সের ভর্তি নিশ্চিত হয়ে যাবে। কোর্স পরিবর্তনের ক্ষেত্রে শিক্ষার্থীকে কোন ফি প্রদান করতে হবে না। তবে কোন শিক্ষার্থীর কোর্স পরিবর্তন না হলে তার পূর্ব কোর্সের ভর্তি বহাল থাকবে।

**শর্তাবলী:**

**১। ফি জমাদানের পদ্ধতি:**

(ক) শিক্ষার্থীকে ২৭/১১/২০২৪ তারিখের মধ্যে নিম্নোক্ত User Name ও Password দিয়ে <https://rangamaticollege.eshiksaems.com> -এ Login করে ভর্তি ও অন্যান্য ফি জমা দিবে।

User Name: **rangamatistudent** এবং Password: **rangamatistudent**

(খ) Education Management System এর Admission -এ গিয়ে Click for New Admission ক্লিক করার পর Select Group অপশন থেকে ভর্তিচ্ছু বিভাগ সিলেক্ট করতে হবে এবং Admission Roll এন্ট্রি দিয়ে Check for Admission ক্লিক করতে হবে। পর্যায়ক্রমে চাহিত তথ্য সঠিকভাবে পূরণ করে Save বাটনে ক্লিক করলে ফিসহ আবেদন ফরম প্রদর্শিত হবে।

(গ) Session, Admission Roll এন্ট্রি দিয়ে Pay through Sonali Pay ব্যবহার করে যেকোন মাধ্যমে ভর্তি ফি পরিশোধ করলে স্বয়ংক্রিয়ভাবে শ্রেণির রোল নম্বর আসবে এবং শিক্ষার্থী/অভিভাবক এর মোবাইল নম্বরে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন সংক্রান্ত SMS যাবে।

(ঘ) সর্বশেষ Application Form Reprint এবং Print Receipts ক্লিক করে Admission Roll এন্ট্রি দিয়ে পূরণকৃত ভর্তি ফরম এবং Payslip ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

**২। ভর্তি ফি'র পরিমাণ নিম্নরূপ:**

বিভাগ	ভর্তি ও অন্যান্য ফি এর পরিমাণ
বিএ/বিএসএস/বিবিএস (পাস) ১ম বর্ষ	৩,২০১/-
বিএসসি (পাস) ১ম বর্ষ	৩,৩২১/-

**৩। আগামী ২৪/১১/২০২৪ হতে ২৫/১১/২০২৪ খ্রি. তারিখের মধ্যে সংশ্লিষ্ট কমিটির নিকট নিম্নোক্ত কাগজপত্রাদি জমা দিতে হবে।**

(ক) এসএসসি এবং এইচএসসি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট;

(খ) এসএসসি এবং এইচএসসি পরীক্ষার মূল প্রশংসাপত্র;


(গ) এসএসসি এবং এইচএসসি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি- ১ কপি;

(ঘ) পাসপোর্ট সাইজের রঙিন ছবি- ৩ কপি এবং স্ট্যাম্প সাইজের ছবি- ১ কপি;

(ঙ) আবেদন ফরমের College Copy- ১ কপি;

(চ) নির্ধারিত ফি পরিশোধের Pay Slip- এর কপি;

(ছ) ১০" X ১৪" সাইজের খাম- ১টি (নাম, রোল নং, বিভাগ, ব্রাড গ্রুপ, মোবাইল নম্বরসহ স্থায়ী ঠিকানা লিখতে হবে)।

  
(প্রফেসর জাহেদা সুলতানা)  
অধ্যক্ষ  
রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

**বিতরণ:**

- ১। উপাধ্যক্ষ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৩। আস্থায়ক, ডিগ্রী (পাস) ১ম বর্ষ ভর্তি কমিটি/২০২৩-২০২৪, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৪। ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাঁকে কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল;
- ৫। হিসাব সহকারী, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৬। সংরক্ষণ নথি।